

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[মুসক অনুবিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-০৫/মুসক/২০১৪ তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ ফিল্টারযুক্ত/ফিল্টার বিযুক্ত বিড়ি খাতে নতুন ট্যারিফ মূল্য ও সম্পূরক শুল্ক নির্ধারণের কারণে মাঠ পর্যায়ে গ্রহণীয় কার্যক্রম বিষয়ে দিক-নির্দেশনা প্রসঙ্গে।

জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০২/মুসক/২০১৪ তারিখ-০৫ জুন, ২০১৪ এর মাধ্যমে স্থানীয় পর্যায়ে উৎপাদিত যন্ত্র ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার বিযুক্ত) প্রতি ২৫(পঁচিশ) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ৪.২৭ (চার দশমিক দুই সাত) টাকা, প্রতি ১২(বার) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ২.০৫ (দুই দশমিক শূন্য পাঁচ) টাকা, প্রতি ০৮(আট) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ১.৩৭ (এক দশমিক তিন সাত) টাকা, এবং যন্ত্র ব্যতীত হাতে তৈরী ফিল্টারযুক্ত প্রতি ২০ (বিশ) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ৪.৬৪ (চার দশমিক ছয় চার) টাকা, প্রতি ১০ (দশ) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ২.৩২ (দুই দশমিক তিন দুই) টাকা নির্ধারণ করা হয়েছে এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-১০৯-আইন/২০১৪/৭০৪-মুসক তারিখ ০৫ জুন, ২০১৪ খ্রিঃ এর মাধ্যমে সম্পূরক শুল্কের হার যথাক্রমে ২৫% এবং ৩০% ধার্য করা হয়েছে। এর ফলে ফিল্টার বিযুক্ত ২৫(পঁচিশ) শলাকার প্রতি প্যাকেট উক্তরূপ বিড়ির উপর মোট কর ভার (সম্পূরক শুল্ক ও মুসক সহ) ১.৮৭ (এক দশমিক আট সাত) টাকা, ১২(বার) শলাকার প্রতি প্যাকেট উক্তরূপ বিড়ির উপর মোট কর ভার (সম্পূরক শুল্ক ও মুসকসহ) ০.৯০ (শূন্য দশমিক নয় শূন্য) টাকা, ০৮ (আট) শলাকার প্রতি প্যাকেট উক্তরূপ বিড়ির উপর মোট কর ভার (সম্পূরক শুল্ক ও মুসকসহ) ০.৬০ (শূন্য দশমিক ছয় শূন্য) টাকা এবং ফিল্টারযুক্ত ২০ (বিশ) শলাকার প্রতি প্যাকেট উক্তরূপ বিড়ির উপর মোট কর ভার (সম্পূরক শুল্ক ও মুসকসহ) ২.৩০ (দুই দশমিক তিন শূন্য) টাকা, ১০ (দশ) শলাকার প্রতি প্যাকেট উক্তরূপ বিড়ির উপর মোট কর ভার (সম্পূরক শুল্ক ও মুসকসহ) ১.১৫ (এক দশমিক এক পাঁচ) টাকা হইবে।

০২। যেহেতু ০৫ জুন, ২০১৪ খ্রিঃ তারিখ হইতে নির্ধারিত ট্যারিফ মূল্য ও সম্পূরক শুল্ক কার্যকর হইবে, সেহেতু এই খাতে উক্ত তারিখ থেকেই যথাযথ রাজস্ব নিশ্চিতকরণের লক্ষ্যে মাঠ পর্যায়ে কার্যক্রম গ্রহণ করা জরুরি বিবেচনায় নিম্নরূপ সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হইলঃ

- (ক) সরকারী ট্রেজারী এবং ডাকঘরে তাত্ক্ষণিকভাবে ব্যান্ডরোলার স্টক পরীক্ষাপূর্বক উল্লিখিত আদেশ কার্যকর হওয়ার তারিখ থেকে মুসক এবং সম্পূরক শুল্ক জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করিতে হইবে;
- (খ) এই খাত হইতে প্রাপ্ত রাজস্ব মুসক কোড নং ১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেট কোড/০৩১১ এবং সম্পূরক শুল্ক কোড নং ১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেট কোড/০৭১১ এ যথাক্রমে ফিল্টারযুক্ত বিড়ির ক্ষেত্রে মোট রাজস্বের ৩৯.৫০% ও ৬০.৫০% হারে এবং ফিল্টার বিযুক্ত বিড়ির ক্ষেত্রে ৪২.৯২% ও ৫৭.০৮% হারে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;
- (গ) যেহেতু বর্তমানে ফিল্টার বিযুক্ত বিড়ির ক্ষেত্রে প্রতি প্যাকেটে ব্যবহার্য ব্যান্ডরোলার মূল্য প্রতি পঁচিশ শলাকার জন্য ১.৮৭ (এক দশমিক আট সাত) টাকা, প্রতি বারো শলাকার জন্য ০.৯০ (শূন্য দশমিক নয় শূন্য) টাকা ও প্রতি আট শলাকার জন্য ০.৬০ (শূন্য দশমিক ছয় শূন্য) টাকা এবং ফিল্টারযুক্ত বিড়ির ক্ষেত্রে প্রতি বিশ শলাকার জন্য ২.৩০ (দুই দশমিক তিন শূন্য) টাকা ও প্রতি দশ শলাকার জন্য ১.১৫ (এক দশমিক এক পাঁচ) টাকা হারে রাজস্ব প্রদান করিতে

হইবে; তাই ফিল্টারযুক্ত এবং ফিল্টার বিযুক্ত উভয় ক্ষেত্রে, নতুন ব্যাডরোল প্রস্তুত না হওয়া পর্যন্ত নতুন হার মোতাবেক পার্শ্বক্যজনিত রাজস্ব বাবদ যথাযথ পরিমাণ অর্থ উপ-অনুচ্ছেদ (খ) অনুসরণপূর্বক ট্রেজারীতে জমা প্রদানের ব্যবস্থা করিতে হইবে; এবং

(ঘ) ফিল্টারযুক্ত/ফিল্টার বিযুক্ত বিড়ি কারখানায় উপযুক্ত কর্মকর্তা প্রেরণপূর্বক অব্যবহৃত ব্যাডরোল মজুদ, ব্যাডরোল সংযুক্ত অবস্থায় বিড়ির মজুদ, ব্যাডরোলবিহীন বিড়ির মজুদ ইত্যাদির হিসাব গ্রহণ করিতে হইবে। মজুদ ব্যাডরোল ও লাগানো ব্যাডরোলের বিপরীতে পুরাতন হারে অর্থ জমা প্রদান করা হইয়া থাকিলে নতুন হার মোতাবেক পার্শ্বক্যজনিত রাজস্ব বাবদ যথাযথ পরিমাণ অর্থ উপ-অনুচ্ছেদ (খ) অনুসরণপূর্বক ট্রেজারীতে জমা প্রদানের ব্যবস্থা করিতে হইবে।

০৩। উপর্যুক্ত নির্দেশাবলী ছাড়াও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ অনুযায়ী অপরিহার্য অন্যান্য আনুষ্ঠানিকতা প্রযোজ্য ক্ষেত্রে পালন করিতে হইবে।

০৪। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং উহার ১৮ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০২ জুলাই, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং ৩৭/মুসক/২০১৩ রহিত করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মোহাম্মদ হাসমত আলী ]  
দ্বিতীয় সচিব (মুসক)